



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
লাখাই, হবিগঞ্জ।

www.cooperative.lakhai.habiganj.gov.bd



আদেশ নং- ১৫৬

তারিখঃ ১২/০৬/২০২৪ খ্রি:


বিষয়ঃ এপিএ টিম গঠন প্রসঙ্গে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুযায়ী উপজেলা সমবায় কার্যালয়, লাখাই, হবিগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে এপিএ টিম হালনাগাদ করে গঠন করা হলো।

ক্রঃ নং	নাম	পদবী	টিমের পদবী
০১	জনাব রুপালী রানী পাল	উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় কার্যালয়, লাখাই, হবিগঞ্জ।	টিম লিডার
০২	জনাব প্রদোষ রঞ্জন দেব	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর উপজেলা সমবায় কার্যালয় লাখাই, হবিগঞ্জ।	সদস্য
০৩	জনাব প্রদ্যোৎ জ্যোতি দাশ	সহঃ পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, লাখাই, হবিগঞ্জ।	ফোকাল পয়েন্ট

এপিএ টিমের কার্যপরিধিঃ

- (ক) উপজেলা সমবায় কার্যালয়, লাখাই, হবিগঞ্জ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, পরিবীক্ষণের দায়িত্ব পালন;
(খ) এপিএ টিম লিডার এপিএ টিমের সদস্যদের মাধ্যমে এপিএ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করবেন এবং এপিএ এর অগ্রগতির বিষয়ে জেলা সমবায় কার্যালয়ের টিম লিডার/ ফোকাল পয়েন্টকে অবহিত করবেন;
(গ) এপিএ ফোকাল পয়েন্ট জেলা সমবায় কার্যালয়ের সাথে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন;
(ঘ) এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন করবেন।


(রুপালী রানী পাল)

উপজেলা সমবায় অফিসার
লাখাই, হবিগঞ্জ

তারিখঃ ১২/০৬/২০২৪ খ্রি:

আদেশ নং- ১৫৬/১(১)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

০১। জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ।

০২। অফিস নথি।

উপজেলা সমবায় অফিসার
লাখাই, হবিগঞ্জ